

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আসরের পর সালাত।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ بَعْدَ الْعَصْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرِ، عَنِ ابْنِ عَبَّاسِ، قَالَ إِنَّمَا صَلَّى النَّبِيُّ صِلَى الله عليه وسلم الرَّكْعَتَيْنِ بَعْدَ الْعَصْرِ لأَنَّهُ أَتَاهُ مَالٌ فَشَغَلَهُ عَن الرَّكْعَتَيْن بَعْدَ الظُّهْرِ فَصَلاَّهُمَا بَعْدَ الْعَصْرِ ثُمَّ لَمْ يَعُدْ لَهُمَا . وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَأُمّ سَلَمَةَ وَمَيْمُونَةَ وَأَبِي مُوسَى . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْن عَبَّاسِ حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رَوَى غَيْرُ وَاحِدِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ صلَّى بَعْدَ الْعَصْر رَكْعَتَيْن . وَهَذَا خِلاَفُ مَا رُوِيَ عَنْهُ أَنَّهُ نَهَى عَن الصَّلاَةِ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ ". وَحَدِيثُ ابْن عَبَّاس أَصبَحُّ حَيْثُ قَالَ لَمْ يَعُدْ لَهُمَا . وَقَدْ رُويَ عَنْ زَيْد بْن ثَابِت نَحْؤ حَديث ابْن عَبَّاسِ . وَقَدْ رُوِيَ عَنْ عَائِشَةَ فِي هَذَا الْبَابِ رِوَايَاتٌ رُوِيَ عَنْهَا أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم مَا دَخَلَ عَلَيْهَا بَعْدَ الْعَصْرِ إِلاَّ صلَّى رَكْعَتَيْن وَرُوِيَ عَنْهَا عَنْ أُمّ سَلَمَةَ عَن النَّبِيّ صلى الله عليه وسلم أنَّهُ نَهَى عَن الصَّلاَةِ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ وَبَعْدَ الصُّبْح حَتَّى تَطْلُعَ الشَّمْسُ . وَالَّذِي اجْتَمَعَ عَلَيْهِ أَكْثَرُ أَهْلِ الْعِلْمِ عَلَى كَرَاهِيَةِ الصَّلاَةِ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ وَبَعْدَ الصُّبْحِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ إِلاَّ مَا اسْتُتْنِيَ مِنْ ذَلِكَ مِثْلُ الصَّلاَةِ بِمَكَّةَ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ وَبَعْدَ الصُّبْح حَتَّى تَطْلُعَ الشَّمْسُ بَعْدَ الطَّوَاف فَقَدْ رُويَ عَن النَّبِيّ صلى الله عليه وسلم رُخْصَةٌ فِي ذَلِكَ . وَقَدْ قَالَ بِهِ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْم مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ . وَيِهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَدْ كَرِهَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْم مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمُ الصَّلاَةَ بِمَكَّةَ أَيْضًا بَعْدَ الْعَصْرِ وَبَعْدَ الصُّبْح . وَبِهِ يَقُولُ سُفْيَانُ التَّوْرِيُّ وَمَالِكُ بْنُ أَنس وَبَعْضُ أَهْلِ الْكُوفَةِ .



## বাংলা

১৮৪. কুতায়বা (রহঃ) ...... ইবনু আব্বাস রাদিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণনা করেনঃ রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম আসরের পর একদিন দুই রাকাআত সালাত আদায় করেছিলেন। কারণ, তাঁর নিকট (বায়তুল মালের) কিছু সম্পদ এসেছিল, সেগুলির বিলি ব্যবস্থার ব্যস্ততার দরুন তিনি সেদিনের যুহরের পরবর্তী দুই রাকাআত আদায় করতে পারেননি। ফলে আসরের পর তিনি তা আদায় করেছিলেন। পরে আর তিনি এর পুনরাবৃত্তি করেননি। - ["পরে আর তিনি এর পুনরাবৃত্তি করেননি।" এ অংশটুকু মুনকার] - তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, উম্মু সালমা, মায়মূনা ও আবৃ মূসা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান। একাধিক রিওয়ায়াতে আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের পর দু'রাকআত সালাত আদায় করেছেন। এই বক্তব্যটি আসরের পর সূর্য না ডোবা পর্যন্ত সালাত আদায় করতে নিষেধ করা সম্পর্কিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বক্তব্যর বিপরীত।

এই বিষয়ে ইবনু আব্বাস রাদিয়াল্লাছ্ আনছ্ বর্ণিত হাদিসটি সর্বাধিক সহীহ। কেননা এতে আছে যে, রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম একদিনই তা করেছিলেন এবং এর পুনরাবৃত্তি আর করেনি। ইবনু আব্বাস রাদিয়াল্লাছ্ আনছ্ এর অনুরূপ যায়দ ইবনু ছাবিত রাদিয়াল্লাছ্ আনছ্ থেকেও একটি হাদিস বর্ণিত আছে। এই বিষয়ে আয়িশা রাদিয়াল্লাছ্ আনহা থেকেও একাধিক হাদিস বর্ণিত রয়েছে। তাঁর বরাতে বর্ণিত আছে যে, আসরের পর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম যে দিনই তাঁর নিকট এসেছেন দুরাকাআ'ত সালাত আদায় করেছেন। তাঁরই সূত্রে উন্মু সালমা রাদিয়াল্লাছ্ আনহা এর বরাতে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আররের পর সূর্য না ডোবা পর্যন্ত এবং ফজরের পর সূর্য না উঠা পর্যন্ত সালাত আদায় করতে নিষেধ করেছেন।

অধিকাংশ আলিম এই বিষয়ে একমত যে, আসরের পর সূর্য না ডোবা পর্যন্ত এবং ফজরের পর সূর্য না উঠা পর্যন্ত সময়ে মক্কায় তওয়াফের পর দুই রাকাআত আদায় করার বিষয়টি বাদে সাধারণ ভাবে ঐ দুই সময়ে সালাত আদায় করা মাকরহ। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে তওয়াফের পর ঐ দুই সময়ে সালাত আদায় করার অনুমতি বর্ণিত রয়েছে। সাহাবী ও পরবর্তী যুগের একদল আলিম মক্কার ক্ষেত্রেও আসর ফজরে পর সালাত আদায় করা মাকরহ বলে অভিমত দিয়েছে। ইমাম সুফইয়া ছাওরী, মালিক ইবনু আনাস এবং কৃফার কোন কোন আলিম এই অভিমত ব্যক্ত করেছেন।

## **English**

## Ibn Abbas narrated:

"The Prophet only performed the two rak'ah (units of prayer) after Asr because some wealth came to him which distracted him from the two rak'ah after Zuhr, so he prayed them after Asr, then he did not repeat that."



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন